চুয়াডাঙ্গায় বহুমুখী মানব কল্যাণ সংস্থা খাবার পানি ও স্যালাইন বিতরণ

হিট স্পট খ্যাত চুয়াডাঙ্গায় তীব্র দাবাদহ থেকে রক্ষা পেতে খাবার পানি ও স্যালাইন নিয়ে অসহায় মানুষের পাশে দাঁড়িয়েছে বহুমুখী মানব কল্যাণ সংস্থা । প্রতিষ্ঠানটি মানুষের পিপাসা নিবারন ও প্রশান্তির জন্য শহরের হাসান চত্বরের পুলিশ বক্স ও একাডেমি মোড়স্হ সারা ভবনের সামনে বোতলজাত খাবার পানি ও স্যালাইন সরবরাহ করছেন।

এ উপলক্ষে রবিবার বেলা ১১টায় চুয়াডাঙ্গা শহরের শহীদ হাসান চত্বরেখাবার পানি বিতরণ কর্মসুচীর উদ্বোধন করা হয়।

উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জেলা পরিষদের চেয়ারম্যান মাহফুজুর রহমান মনজু, চুয়াডাঙ্গা পৌরসভার মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন, চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ অধ্যাপক সিদ্দিকুর রহমান, জেলা দূর্নীতি প্রতিরোধ কমিটির সভাপতি অধ্যাপক কামরুজ্জামান, ট্রাফিক পুলিশের পরিদর্শক ওলিউজ্জামান ওলি, আমিরুল ইসলাম, হাসান মল্লিক, মাসুম, প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ও বহুমুখী মানব কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক বিপুল আশরাফ, সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক কামরুজ্জামান চাঁদ, সিনিয়র সাংবাদিক রফিকুল ইসলাম, শাহ আলম সনি, রফিক রহমান, খায়রুল ইসলাম, পলাশ উদ্দিন, উপজেলা লোকমোর্চার সাধারন সম্পাদক পারভীন লায়লা মালিক প্রমুখ।

এ সময় সংক্ষিপ্ত বক্তব্য দেন মাহফুজুর রহমান মনজু ও অধ্যাপক সিদ্দিকুর রহমান। তারা বলেন, চরম দূর্যোগের সময় সাধারন মানুষের পাশে দাঁড়িয়েছে বহুমুখী মানব কল্যাণ সংস্থা। ভয়াবহ রোদ গরমে এখন প্রয়োজন বেশি বেশি বিশুদ্ধ পানি। আর সেই কাজটি হাতে নিয়েছে বহুমুখী। এদের পাশাপাশি অন্যরা এগিয়ে আসলে শ্রমজীবী মানুষ আরো বেশি উপকৃত হবে ।

জেলার উপর দিয়ে পক্ষকালব্যাপী অতি তীব্র তাপদাহ চলছে এতে নিন্ম আয়ের খেটে খাওয়া মানুষ ও রাস্তায় চলাচলরত পথচারীরা মারাত্মক স্বাস্থ্য ঝুঁকির মুখে পড়েছে। অনেকের শরীরে পানি শুন্যতা সৃষ্টি

হচ্ছে এর থেকে সামান্য পরিত্রাণ দিতে বহুমুখী মানব কল্যাণ সংস্থার নির্বাহী চেয়ারম্যান, সিনিয়র সাংবাদিক আহমেদ পিপুল এ উদ্যোগ গ্রহণ করেছেন। তিনি বলেন আমি সবসময় দিনমজুর, রিকসা চালক, ভ্যান চালক ও পথচারীদের এ দূর্যোগ মুহূর্তে সেবা দিয়ে যাবো। আগামীতেও বহুমুখী মানব কল্যাণ সংস্থা জনহিতকর কাজ করে মানুষের পাশে থাকতে চাই।

প্রতিদিন বেলা ১১টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত এ সেবা কার্যক্রম পরিচালনা করা হবে। গতকাল হাসান চত্বর ও একাডেমি মোড়ে দুটি বুথ থেকে প্রায় ২ হাজার বোতল পানি ও ১ হাজার পিস স্যালাইন বিতরণ করা হয়। আগামী ৩০ এপ্রিল পর্যন্ত প্রতিদিন ওই দুটি স্হানে পানি ও স্যালাইন বিতরণ অব্যহত থাকবে বলে জানিয়েছে সংস্থাটির কর্মকর্তারা।

মেহেরপুরে কম্পিউটার ও ড্রাইভিং প্রশিক্ষনার্থীদের মাঝে সনদ বিতরণ

স্মার্ট বাংলাদেশ গড়তে সমাজ কল্যাণ মন্ত্রনালয়ের সহায়তায় মেহেরপুরে বহুমুখী মানব কল্যাণ সংস্থার উদ্যোগে কম্পিউটার ও ড্রাইভিং প্রশিক্ষনার্থীদের মাঝে সনদপত্র বিতরন করা হয়েছে ।

আজ শনিবার দুপুরে ভিডিও কনফারেন্সে যুক্ত হয়ে সনদপত্র বিতরনের উদ্বোধন করেন মাগুরা ১ আসনের সংসদ সদস্য সাইফুজ্জামান শিখর। অনুষ্টানে সভাপতিত্ব করেন কুষ্টিয়া ইসলামী বিশ^বিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর শেখ আব্দুস সালাম। ব

ক্তব্য রাখেন বহুমুখী মানব কল্যান সংস্থার নির্বাহী চেয়ারম্যান সিনিয়র সাংবাদিক আহমেদ পিপুল। পরে জেলা পর্যায় থেকে অতিথিরা প্রশিক্ষনার্থীদের হাতে সনদ তুলে দেন।

মেহেরপুর বহুমুখী মানব কল্যান সংস্থার সভাপতি অবসরপ্রাপ্ত

প্রভাষক নুরুল আহমেদ, মেহেরপুর পৌরসভার প্যানেল মেয়র শাহিনুর রহমান রিটন, সিনিয়র সাংবাদিক তোজাম্মেল আযম এসময় সেখানে উপস্থিত ছিলেন।

অতিথিরা তাদের বক্তব্যে বলেন, পিছিয়ে পড়া জনগোষ্ঠীর জীবনমানের উন্নয়নই হচ্ছে বর্তমান সরকারের মুল লক্ষ্য। সেই লক্ষেই বর্তমান সরকার কাজ করে যাচ্ছে। এই কারনে পিছিয়ে পড়া জনগোষ্ঠীকে কম্পিউটার ও ড্রাইভিং প্রশিক্ষনের মাধ্যেমে দক্ষ করে গড়ে তোলা হচ্ছে যাতে তারা নিজেদের পায়ে নিজেরা দাড়াতে পারে।

বহুমুখী মানব কল্যাল সংস্থার মেহেরপুর, চুয়াডাঙ্গা, ঝিনাইদাহ, মাগুরা ও কুষ্টিয়া জেলার ১ হাজার ২ শত শিক্ষার্থীর মাঝে এ সনদপত্র বিতরন করা হয়।

মেহেরপুরে দুস্থ কম্পিউটার প্রশিক্ষানার্থীদের মাঝে উপকরণ বিতরণ

বহুমুখী মানবকল্যান সংস্থা ও সমাজসেবা অধিদপ্তরের যৌথ আয়োজনে “দুস্থ, বিধবা, স্বামী পরিত্যক্তা ও হতদরিদ্র জনগোষ্ঠীকে সর্মসংস্থানমূলক কাজের প্রশিক্ষণের মাধ্যমে আর্থসামাজিক অবস্থার উন্নয়ন “শীর্ষক প্রকল্পের আওতায় “কম্পিউটার অফিস অ্যাপ্লিকেশন” প্রশিক্ষানার্থীদের মাঝে উপকরণ বিতরণ করা গয়েছে।

আজ মঙ্গলবার সকালে সংগঠনের মেহেরপুর জেলা কার্যালয়ে মুজিবনগর উপজেলার প্রথম ব্যাচের ৩০ প্রশিক্ষনার্থীদের এ উপকরণ বিতরণ করা হয়।

এতে বহুমুখী মানবকন্যান সংস্থার জেলা শাখার সভাপতি নুরুল আহমেদের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর সরকারি মহিলা কলেজে অধ্যক্ষ প্রফেসর রফিকুল ইসলাম।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ জেলা শাখার সভাপতি প্রফেসর হাসানুজ্জামান মালেক। এসময় প্রজেক্ট কো-অর্ডিনেটর জয়নুল আবেদীনসগ প্রশিক্ষকবৃন্দ উপস্থিত ছিলেন।

চুয়াডাঙ্গায় বহুমুখী মানব কল্যাণ সংস্থার প্রশিক্ষানার্থীদের মাঝে সার্টিফিকেট বিতরন

চুয়াডাঙ্গায় বহুমুখী মানব কল্যাণ সংস্থার আয়োজনে কম্পিউটার অফিস এ্যাপ্লিকেশন ও ড্রাইভিং প্রশিক্ষানার্থীদের মাঝে সার্টিফিকেট প্রদান করা হয়েছে।

গতকাল বৃহস্পতিবার বেলা ১১টায় বহুমুখী মানব কল্যাণ সংস্থার চুয়াডাঙ্গাস্হ একাডেমি মোড় কার্যালয়ে শিক্ষার্থীদের হাতে সার্টিফিকেট দেয়া হয়। সার্টিফিকেট প্রদান অনুষ্ঠানে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের সাবেক অধ্যক্ষ ও সংস্থার জেলা শাখার সভাপতি অধ্যাপক সিদ্দিকুর রহমান।

বহুমুখী মানব কল্যাণ সংস্থার নির্বাহী পরিচালক ও সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক বিপুল আশরাফের উপস্থাপনা অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন চুয়াডাঙ্গা পৌরসভার মেয়র জাহাঙ্গীর আলম মালিক খোকন। বিশেষ অতিথির বক্তব্য দেন সমাজসেবা কার্যালয়ের উপ-পরিচালক সিদ্দিকী সোহেলী রশিদ, সদর থানার অফিসার ইনচার্জ মাহবুবুর রহমান কাজল, এটিএন বাংলার জেলা প্রতিনিধি রফিক রহমান ।

এ সময় আরো উপস্থিত ছিলেন বহুমুখী মানব কল্যান সংস্থার ডেপুটি ম্যানেজার আব্দুল আওয়াল প্রিন্স, চুয়াডাঙ্গা প্রজেক্ট কো - অডিনেটর নাঈম সরোয়ার, নাসির জোয়ার্দার, সোহেল রানা প্রমুখ।